

৪১০০ শিক্ষার্থীকে বৃত্তি দিল ডাচ বাংলা ব্যাংক

■ সমকাল প্রতিবেদক
 ডাচ-বাংলা ব্যাংক সামাজিক দায়িত্ববোধের অংশ হিসেবে মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের প্রতি সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। শিক্ষার্থীদের তা মনে রাখতে হবে। এটিকে সামাজিক সহযোগিতা হিসেবে বিবেচনা করতে হবে। ডাচ-ভবিষ্যতে এ সহায়তার প্রতিদান দেওয়ার জন্য প্রগতি নিতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত।

গতকাল শনিবার রাজধানীর মিরপুর ইনডোর স্টেডিয়ামে সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কর্মসূচির অংশ হিসেবে ডাচ-বাংলা ২০১৪ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে স্নাতক পর্যায়ে অধ্যয়নরত ৪ হাজার ১০০ ছাত্রছাত্রীকে বৃত্তি দেয়। এ নিয়ে বর্তমানে ব্যাংকের বৃত্তি পাচ্ছে ২০ হাজার ৪৯৫ জন।

অর্থমন্ত্রী বলেন, ডাচ-বাংলা ব্যাংক গত ৮ বছর ধরে দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীদের কল্যাণে আর্থিক খাতের অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি আইনমন্ত্রী আনিসুল হক বৃন্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীরা প্রকৃত শিক্ষায় আলোকিত হয়ে দেশ গঠনে নিজেদের উৎসর্গ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। অপর বিশেষ অতিথি ঢাকায় নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত গার্বেন ডি জং বলেন, এই উদ্যোগ বাংলাদেশের মানবসম্পদ উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে। ব্যাংকের চেয়ারম্যান সায়েশ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে ব্যাংকের এয়ডি কেএম তাবরেজসহ পরিচালকরা উপস্থিত ছিলেন।